



জুলাই শহীদ তালিকায় রায়েরবাগে নিহত পুলিশকর্মীর নাম, স্বচ্ছতা নিয়ে প্রশ্ন



নিহত পুলিশকর্মী মোহাম্মদ মুকতাদীর। ছবি: সংগৃহীত

গত ২০২৪ সালের জুলাই গণঅভ্যুত্থানে রাজধানীর রায়েরবাগ এলাকায় টুরিস্ট পুলিশের এএসআই মোহাম্মদ মুকতাদীরকে হত্যা করে ওভারব্রিজে উল্টো করে ঝুলিয়ে রাখে আন্দোলনরত শিক্ষার্থীরা এমন অভিযোগ রয়েছে।

সেই হত্যা মামলায় সুস্পষ্ট প্রমাণের ভিত্তিতে আটক করা শিবিরের সাথী ফাইয়াজকে অপ্রাপ্তবয়স্ক ও সাধারণ শিক্ষার্থী হিসেবে তুলে ধরে মিথ্যা প্রচারণা চালানো হয় বলে দাবি ওঠে। বিষয়টি নিয়ে দেশব্যাপী ব্যাপক আলোচনার সৃষ্টি হয়। পরে বিভিন্ন মহল থেকে দাবি করা হয়, ওই ছেলে, তার ভাই ও পুরো পরিবার জামায়াত-শিবিরের রাজনীতির সঙ্গে ঘনিষ্ঠভাবে জড়িত।

এদিকে, সেই পরিকল্পিত হামলায় নিহত এএসআই মুকতাদীরকেও জুলাই শহীদদের তালিকায় স্থান দেওয়া হয়েছে বলে দেখা যায়। প্রকাশিত জুলাই শহীদ গেজেটের ১৬০ নম্বর নামের স্থানে রয়েছে মোহাম্মদ মুকতাদীরের নাম।

সমালোচকদের অভিযোগ, জুলাই জঙ্গিদের হাতে নিহত ব্যক্তিদের নাম অন্তর্ভুক্ত করে শহীদ গেজেটের তালিকা বড় করা হয়েছে, যা এখন ৮৩৪ জনে দাঁড়িয়েছে।